# ইরানের অনুরোধেই হামলা বন্ধ, সমঝোতা না হলে ফের হামলা: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরানের অনুরোধের পরিপ্রেক্ষিতেই দেশটির ওপর সামরিক হামলা সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে বলে দাবি করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে দুই পক্ষের মধ্যে নতুন কোনো সমঝোতা না হলে আবারও হামলা শুরু করার হুঁশিয়ারি দিয়েছেন তিনি।

সোমবার (২৭ জুলাই) এয়ার ফোর্স ওয়ানে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্প বলেন, ইরান খুব ভদ্রভাবে হামলা বন্ধ করে আলোচনায় বসার অনুরোধ জানিয়েছে। বর্তমানে দুই পক্ষ সেই আলোচনার পর্যায়েই রয়েছে। তবে কোনো সমঝোতায় পৌঁছানো সম্ভব না হলে আগের অবস্থায় ফিরে যাওয়ার কথাও জানান তিনি।

প্রায় দুই সপ্তাহ ধরে ইরানে ধারাবাহিক সামরিক হামলার পর যুক্তরাষ্ট্র এই সাময়িক বিরতি দেয়। একই সময়ে তেহরানের বিরুদ্ধে পরবর্তী সামরিক পদক্ষেপ কী হতে পারে, তা নিয়েও ট্রাম্প প্রশাসন পর্যালোচনা করছে।

LENS ASIA

এর আগে সিএনএনের এক প্রতিবেদনে বলা হয়, মার্কিন ভাইস প্রেসিডেন্ট জে ডি ভ্যান্স এবং জয়েন্ট চিফস অব স্টাফের চেয়ারম্যান জেনারেল ড্যান কেইন সামরিক অভিযান আরও বিস্তৃত করার বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছিলেন। দীর্ঘমেয়াদি অভিযান চালানো হলে যুক্তরাষ্ট্রের অস্ত্র ও গোলাবারুদের মজুতে চাপ তৈরি হতে পারে বলে তারা আশঙ্কা করেছিলেন।